



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

সঞ্চয় শাখা

www.ird.gov.bd



স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪১.৯৯.০০২.১৮.২২

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

বিষয়: প্রাইজবন্ডের 'ড' এর ফলাফল অনুসন্ধান সফটওয়্যারে (PBRIS) ত্রৈমাসিক ভিত্তিতে আপলোডকরণ।

সূত্র: এ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪১.৯৯.০০২.১৮.১৩, তারিখঃ ০১-০৩-২০২২।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ১০০/- (একশত) টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের 'ড' -এর ফলাফল অনুসন্ধানের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক একটি ওয়েব সফটওয়্যার "Prize Bond Result Inquiry Software (PBRIS)" উদ্ভাবন করা হয়েছে (ওয়েব ঠিকানা: www.irdbd.online)। এ বিভাগের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম গত ৫ মার্চ ২০২২ তারিখে এ বিভাগ কর্তৃক উদ্ভাবনকৃত বাংলাদেশ প্রাইজবন্ডের 'ড' এর ফলাফল অনুসন্ধান সফটওয়্যার (PBRIS)টি (www.irdbd.online) আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। প্রতি ৩ (তিন) মাস অন্তর প্রকাশিত ফলাফল উক্ত সফটওয়্যারে আপলোড করা সাপেক্ষে নাগরিকগণ সর্বশেষ হালনাগাদকৃত ফলাফলের বিপরীতে তাদের প্রাইজবন্ডের নম্বরসমূহ অনুসন্ধান করতে পারবেন। ওয়েব সফটওয়্যারটিতে 'ড' -এর ফলাফল ২টি পদ্ধতিতে অনুসন্ধানের ব্যবস্থা রয়েছেঃ (ক) সার্চ বক্সে সরাসরি নম্বর লেখার মাধ্যমে; এবং (খ) নম্বর আপলোড করার মাধ্যমে। উভয় পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপঃ

প্রথম পদ্ধতি: প্রাইজবন্ডের নম্বরটি (সিরিজ ব্যতীত) বাংলায় অথবা ইংরেজিতে সার্চ বক্সে লিখে অনুসন্ধান করা যাবে। একাধিক নম্বর একসাথে অনুসন্ধান করতে হলে নম্বরগুলোকে কমা (,) দ্বারা আলাদা করতে হবে। ধারাবাহিক (সিরিজ) নম্বর অনুসন্ধানের জন্য প্রথম ও শেষ সংখ্যার মাঝে হাইফেন (-) ব্যবহার করতে হবে।

দ্বিতীয় পদ্ধতি: প্রাইজবন্ডের নম্বরসমূহ (সিরিজ ব্যতীত) Microsoft Excel Sheet এর কলাম A-তে ইংরেজিতে লিখে সেভ করতে হবে এবং সরাসরি Excel File টি সফটওয়্যারে আপলোড করতে হবে। সফটওয়্যারে অনুসন্ধানের তারিখ থেকে পূর্ববর্তী ২ (দুই) বছরের মধ্যে প্রকাশিত সকল ফলাফলের বিপরীতে কোনো মিল পাওয়া গেলে সংশ্লিষ্ট সাধারণ সংখ্যার পুরস্কারের ক্রম, পুরস্কারের মান (টাকা), 'ড'-এর তারিখ এবং ফলাফলের কপি প্রদর্শিত হবে। সম্মানিত নাগরিকগণ এ সফটওয়্যার থেকে পুরস্কারের টাকা দাবি ফরম ডাউনলোড করতে পারবেন এবং প্রাইজবন্ডের 'ড' সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ তথ্যাবলী ('ড' অনুষ্ঠানের সময়, পুরস্কারের টাকা দাবির সময়সীমা, উৎসে কর কর্তনের হার ইত্যাদি) সম্পর্কে অবহিত হতে পারবেন। এছাড়াও, এ সফটওয়্যারে নাগরিকগণ বিনামূল্যে ই-মেইল সাবস্ক্রিপশন করতে পারবেন, যার মাধ্যমে প্রতি তিন মাস অন্তর (৩১ জানুয়ারি, ৩০ এপ্রিল, ৩১ জুলাই ও ৩১ অক্টোবর) প্রকাশিত 'ড' এর ফলাফল সম্পর্কে সাবস্ক্রিপশনপ্রাপ্ত নাগরিকগণ স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে অবহিত হতে পারবেন।

২। এমতাবস্থায়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক উদ্ভাবনকৃত বাংলাদেশ প্রাইজবন্ডের 'ড' এর ফলাফল অনুসন্ধান সফটওয়্যারের (PBRIS) প্রশাসনিক প্যানেলে (www.irdbd.online/prizebond/login.php) লগইন

করে প্রতি ৩ (তিন) মাস অন্তর প্রকাশিত প্রাইজবন্ডের 'ড্র' এর ফলাফল Microsoft Excel Sheet- এর মাধ্যমে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩১-৩-২০২২

দীপক কুমার বিশ্বাস

উপ সচিব

ফ্যাক্স: ০২-৯৫৪০৩০৩

মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।


স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪১.৯৯.০০২.১৮.২২/১(২)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (সঞ্চয়) এর দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



৩১-৩-২০২২

দীপক কুমার বিশ্বাস

উপ সচিব